

LD منظمة اطباء العالم LÄKARE I VÄRLDEN MEDICI DEL MON
MÉDICOS DO MUNDO MÉDICOS DEL MUNDO 世界の医療団
世界医生组织 DOCTORS OF THE WORLD منظمة اطباء العالم
DOKTERS VAN DE WERELD MÉDICOS DO MUNDO
के डॉक्टर MÉDECINS DU MONDE 世界医生组织 DOCTORS
I DEL MONDO ΓΙΑΤΡΟΙ ΤΟΥ ΚΟΣΜΟΥ DOKTERS VAN DE
WELT दुनिया के डॉक्टर MÉDECINS DU MONDE 世界医生组织 DO

In association with



BritishRedCross



ইংল্যান্ডে অভিবাসীদের জন্য ফু এর টিকার তথ্য পত্র ২০২০-২০২১

বাংলা | Bengali



ফ্লু এর টিকা কী? ফ্লু এর টিকা:

- নিরাপদ ও কার্যকরী
- আপনাকে ফ্লু এবং এর জটিলতা থেকে রক্ষা করে
- এটি করোনাভাইরাসের টিকা নয়
- ক্লিনিক্যাল অবস্থা অথবা বয়সের উপর ভিত্তি করে কিছু ছোট গ্রুপের জন্য বিনামূল্যে, তবে সকলেই এটি নিতে পারে
- যদি আপনি উপযুক্ত হন, তাহলে আপনার এটি গ্রহণ করা গুরুত্বপূর্ণ

কারা বিনামূল্যে ফ্লু এর টিকা পেতে পারে?* যে কেউ:



৫০ বা তার বেশি বয়সী



এমন কোনো স্বাস্থ্য অবস্থা আছে যার ফলে ফ্লু হবার ঝুঁকি বেড়ে যেতে পারে যেমন অ্যাজমা, অতিরিক্ত ওজন, ডায়াবেটিস, ও হৃদরোগ



গর্ভবতী



কেয়ার হোমে থাকেন



বয়স্ক বা প্রতিবন্ধী ব্যক্তির প্রধান পরিচর্যাকারী আপনি অসুস্থ হলে তিনি ঝুঁকিতে পড়তে পারেন



২ ও ৩ বছর বয়সী শিশু



প্রাথমিক বিদ্যালয়ের শিশু এবং মাধ্যমিক স্কুলের ৭ বর্ষের শিক্ষার্থী (৩১শে আগস্ট ২০০৯ এর পূর্বে জন্ম)



২ - ১৭ বছর বয়সী যে কেউ যার দীর্ঘমেয়াদী স্বাস্থ্য সমস্যা যেমন অ্যাজমা, ডায়াবেটিস, দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা, হৃদরোগ, এবং শিখনে অসুবিধা আছে



কারোনাভাইরাসের (শিঙ্গিং ক্যাটাগরি) উচ্চ ঝুঁকিতে রয়েছে এমন কারো সাথে বসবাস করেন

* যদি আপনি এই গ্রুপের মধ্যে না পড়েন, তাহলে আপনি ফার্মেসি থেকে অর্থ প্রদানের মাধ্যমে নিতে পারবেন। এটির দাম ন্যূনতম ৮ ইউরো, তবে আপনার ফার্মেসিতে লভ্য ধরন এবং ব্র্যান্ডের উপর ভিত্তি করে আরো বেশি দামী হতে পারে।

আপনি ফ্লু এর টিকা কোথায় পাবেন?

- আপনার GP সার্জারিতে
- সেবাটি প্রদান করছে এমন ফার্মেসিতে
- যোগ্য শিশুদের জন্য স্কুলে
- আপনার মিডওয়াইফেরি পরিষেবাতে যদি আপনি গর্ভবতী হন

আপনি কিভাবে ফ্লু এর টিকা পেতে পাবেন?



আপনি যদি ফ্লু এর টিকার জন্য যোগ্য হন তাহলে NHS আপনাকে ফ্লু এর টিকা নিতে আমন্ত্রণ জানাতে মেইল, SMS বা ফোনের মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করতে পারে।



যদি আপনি কোনো GP* এর কাছে নিবন্ধিত হন তাহলে আপনি সরাসরি তার সাথে যোগাযোগ করতে পারেন এবং ফ্লু এর টিকা পেতে পারেন কিনা জিজ্ঞাসা করতে পারেন। প্রত্যেকের একজন GP এর কাছে নিবন্ধন করা গুরুত্বপূর্ণ।



আপনি আপনার ফার্মাসিস্টকে ফ্লু এর টিকা সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন যদি তিনি আপনার অবস্থা অথবা আপনার চিকিৎসার ইতিহাস জানেন। যদি ফার্মাসিস্ট আপনার অবস্থা বা চিকিৎসার ইতিহাসের সাথে পরিচিত না হন তাহলে তিনি আপনার কাছে আপনার উপযুক্ততার প্রমাণ চাইবেন।



স্কুলে যোগ্য শিশুদের জন্য, স্কুল বাবা-মা বা অভিভাবকদের সাথে যোগাযোগ করবে এবং তাদের সম্মতি ফর্মের পাশাপাশি টিকা দেওয়ার তারিখ ও সময় সম্পর্কে প্রয়োজনীয় তথ্য প্রেরণ করবে। শিশুদের ভ্যাকসিন দেওয়ার জন্য তাদের বাবা-মা বা অভিভাবকদের সম্মতি ফরমটিতে স্বাক্ষর করতে হবে।

সকল টিকা সরবরাহকারী আপনার ফ্লু এর টিকা প্রাপ্তি নিরাপদ করার জন্য কঠোর নির্দেশিকা অনুসরণ করবে।

* যুক্তরাজ্যে বসবাসকারী প্রত্যেকের তাদের অভিভাবকের অবস্থা অথবা ID বা ঠিকানার প্রমাণ দেখাতে পারার সক্ষমতা নির্বিশেষে একজন GP*র কাছে নিবন্ধনের অধিকার রয়েছে। যদি আপনার কোনো GP*র কাছে নিবন্ধন করতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে ডক্ট অব দ্যা ওয়ার্ল্ড এর ফ্রি হেল্পলাইনে 0808 1647 686 - সোমবার থেকে শুক্রবার সকাল ১০ টা থেকে বেলা ১২ টার মধ্যে কল করুন।

ফ্লু এর টিকা কি হালাল?

বিভিন্ন ধরনের ফ্লু এর টিকা পাওয়া যায় কিছু ইনজেকশনযোগ্য এবং অন্যগুলো স্প্রে।

ব্যক্তিদের সেটিই দেওয়া হয় যেটি তাদের বয়স বা ঝুঁকির ভিত্তিতে সুপারিশকৃত। ২ বছর বয়সী শিশুদের থেকে শুরু করে ৭ বছর বয়স পর্যন্ত শিশুদের যে ফ্লু এর টিকা দেওয়া হবে তাতে শূকরের জিলেটিন রয়েছে। তবে, ধর্মীয় বা আধ্যাত্মিক বিশ্বাসের ভিত্তিতে যদি আপনার আপত্তি থাকে তাহলে আপনি একটি আলাদা টিকা চাইতে পারেন।

আপনার ভাষায় ফ্লু এর টিকা সম্পর্কিত আরো তথ্যের জন্য, ভিজিট করুন:

<https://www.gov.uk/government/publications/flu-vaccination-who-should-have-it-this-winter-and-why>